# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

**ক্রেডিট ইনফরমেশন ব্যুরো**


সিআইবি সার্কুলার লেটার নং-০৩

তারিখ ঃ ১০ আশ্বিন, ১৪৩২ বাং
২৫ সেপ্টেম্বর, ২০২৫ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/ফাইন্যান্স কোম্পানী

**Credit Information System (CIS) হতে প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের জন্য আরোপযোগ্য সার্ভিস চার্জ/ফি হতে নির্দিষ্ট খাত ভিত্তিক অব্যাহতি প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে ব্যুরো'র ০৪ মে ২০১১ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার নং-০২/২০১১ এবং ১০ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০২/২০২২, ১৪ নভেম্বর ২০২৪ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০৩/২০২৪ ও ০৫ মে ২০২৫ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০২/২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রস্থ সিআইবি সার্কুলার নং-০২/২০১১ এর ২নং অনুচ্ছেদে নির্ধারিত হারে আরোপযোগ্য সার্ভিস চার্জ/ফি এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। সিআইবি সার্কুলার লেটার নং-০২/২০২২, ০৩/২০২৪ এবং ০২/২০২৫ এর মাধ্যমে কতিপয় খাতে ঋণ আবেদনকারী গ্রাহকের সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার ক্ষেত্রে আরোপযোগ্য সার্ভিস চার্জ/ফি হতে অব্যাহতি সুবিধা প্রদান করা হয় এবং উক্ত সুবিধাপ্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদির পাশাপাশি প্রতিটি গ্রাহকের ঋণ আবেদনপত্রসহ প্রয়োজনীয় দালিলিক প্রমাণাদির হার্ডকপি অত্র ব্যুরোতে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।

৩। এক্ষণে, উল্লিখিত সার্কুলার লেটারসমূহে বর্ণিত অব্যাহতিপ্রাপ্ত খাতসমূহে ঋণ আবেদনকারী গ্রাহকের সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার বিপরীতে আরোপযোগ্য সার্ভিস চার্জ/ফি হতে অব্যাহতি সুবিধাপ্রাপ্তির বিষয়টি অধিকতর সহজীকরণের নিমিত্ত পূর্বোক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য/দালিলিক প্রমাণাদির হার্ডকপি প্রেরণের পরিবর্তে Credit Information System (CIS)-এর উন্নয়নকৃত Inquiry Module অনুসরণপূর্বক উক্ত সুবিধা গ্রহণ করতে পারবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার বিপরীতে সূত্রস্থ সার্কুলার লেটারসমূহে বর্ণিত খাতসমূহে অব্যাহতি সুবিধাপ্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দালিলিক প্রমাণাদির হার্ডকপি অত্র ব্যুরোতে প্রেরণ করতে হবে না। এক্ষেত্রে উক্ত সুবিধাপ্রাপ্তির জন্য Credit Information System (CIS)-এর উন্নয়নকৃত Inquiry Module-এ সংযুক্ত Guidelines অনুসরণ করতে হবে। তবে ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত আরোপিত সার্ভিস চার্জ/ফি অব্যাহতি প্রাপ্তির জন্য পূর্বের ন্যায় প্রয়োজনীয় তথ্যাদি/প্রমাণাদির হার্ডকপি অত্র ব্যুরোতে প্রেরণ করতে হবে।

খ) অব্যাহতিপ্রাপ্ত খাতসমূহ হতে ঋণ প্রাপ্তির লক্ষ্যে ঋণ আবেদনকারী গ্রাহক এবং গ্রাহক-সংশ্লিষ্ট Co-Borrower ও Guarantor-এর নিকট হতে কোনক্রমেই সিআইবি সার্ভিস চার্জ/ফি আদায় করা যাবে না এবং এরূপ ঋণ আবেদনকারী গ্রাহক এবং গ্রাহক-সংশ্লিষ্ট Co-Borrower ও Guarantor-এর সিআইবি রিপোর্ট Inquiry ব্যতিত অন্য কোনো খাতে Request for CIB Service charge waiver option-টি ব্যবহার করা যাবে না।

গ) অব্যাহতিপ্রাপ্ত খাতসমূহের বিপরীতে সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার বিপরীতে অব্যাহতি সুবিধা গ্রহণের জন্য CIS হতে মাসিক ভিত্তিক প্রস্তুতকৃত System Generated Monthly Bill Detail Report-টি সিস্টেম হতে প্রিন্ট নিয়ে যাচাই-বাচাইপূর্বক যথাযথভাবে স্বাক্ষর করে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র ব্যুরোতে প্রেরণ করতে হবে।

ঘ) বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলসহ বহিঃ নিরীক্ষকগণ যাতে অব্যাহতিপ্রাপ্তির সঠিকতা যাচাই করতে পারে সে লক্ষ্যে সূত্রস্থ সিআইবি সার্কুলার লেটারসমূহের নির্দেশনা অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত খাতসমূহের প্রয়োজনীয় তথ্য/দালিলিক প্রমাণাদি স্ব স্ব ব্যাংক/ফাইন্যান্স কোম্পানীর শাখা/অফিসে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।

৪। ১০ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০২/২০২২, ১৪ নভেম্বর ২০২৪ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০৩/২০২৪ ও ০৫ মে ২০২৫ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০২/২০২৫-এ বর্ণিত প্রয়োজনীয় তথ্য/দালিলিক প্রমাণাদির হার্ডকপি প্রেরণের বিষয়টি ব্যতিত অপরাপর সকল নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৫। Bangladesh Bank Order, 1972 (P.O No.127 of 1972) এর article 44(1)-এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬। এ নির্দেশনা ১ অক্টোবর ২০২৫ তারিখ হতে কার্যকর হবে ।


(মোঃ নুরুল আলম)
পরিচালক (সিআইবি)
ফোন ঃ ৯৫৩০২৪২